



সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited
বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।



মুজিব
শতবর্ষ
দুস্ত শপথ মুজিব বর্ষে
আমরা থাকব সবার শীর্ষে

তারিখ : ০৫ মে, ২০২১

প্রধান কার্যালয় পরিপত্র নং- ১৩

বিডিডি/ডিডি/চার্জ/পরিপত্র নং-২৬১

জেনারেল ম্যানেজার/
ডেপুটি জেনারেল ম্যানেজার/এসিষ্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার/
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন/
সকল জিএম অফিস/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়
স্টাফ কলেজ/সকল ট্রেনিং ইনস্টিটিউট ও
সোনালী ব্যাংক লিমিটেড এর সকল শাখা,
বাংলাদেশ।

বিষয় : শিডিউল অব ব্যাংক চার্জেস এর সঞ্চয়ী হিসাবের Account Maintenance Fee পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক এর বিআরপিডি সার্কুলার লেটার নং-২১, তারিখ ১১ এপ্রিল, ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

২.০০ : উক্ত সার্কুলারে উল্লেখ করা হয়েছে যে, ব্যাংকিং খাতে আমানত বৃদ্ধি এবং ক্ষুদ্র আমানতকারীদেরকে ব্যাংকমুখী করার লক্ষ্যে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর ৩১ অক্টোবর ২০১৯ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৭ এর মাধ্যমে সঞ্চয়ী ও চলতি হিসাবের Account Maintenance Fee যৌক্তিকীকরণপূর্বক পুনঃনির্ধারণ করে দেয়া হয়। উক্ত পুনঃনির্ধারিত হার অনুযায়ী ব্যাংকসমূহ প্রতি ষাণ্মাসিক একবার অর্থাৎ বছরে দুইবার একটি হিসাব হতে Account Maintenance Fee আদায় করতে পারে। এক্ষণে, করোনাভাইরাস সংক্রমণজনিত কারণে সৃষ্ট অর্থনৈতিক পরিস্থিতির প্রেক্ষিতে ক্ষুদ্র আমানতকারীগণকে আর্থিক প্রণোদনা প্রদান ও আমানত বৃদ্ধিতে উৎসাহিত করার লক্ষ্যে ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত গড় আমানত স্থিতিবিশিষ্ট সঞ্চয়ী হিসাবের বিপরীতে বছরে দুইবারের পরিবর্তে একবার Account Maintenance Fee আদায় করার জন্য উক্ত সার্কুলারে নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য, এ নির্দেশনা শুধুমাত্র ২০২১ পঞ্জিকা বছরের জন্য প্রযোজ্য হবে।

৩.০০ : এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক এর উপরোক্ত সার্কুলারের নির্দেশনা মোতাবেক সঞ্চয়ী হিসাবের Account Maintenance Fee করোনাভাইরাস সংক্রমণজনিত কারণে শুধুমাত্র ২০২১ পঞ্জিকা বছরের জন্য বছরে দুইবারের পরিবর্তে একবার আদায় করার জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নাজিম বেগম)
ডেপুটি জেনারেল ম্যানেজার

(মোঃ বিল্লাল হোসেন)
জেনারেল ম্যানেজার

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ২১

২৮ চৈত্র ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

তারিখ: ১১ এপ্রিল ২০২১

১. আমদানি ব্যাংকিং
২. আমদানি ব্যাংকিং
৩. আমদানি ব্যাংকিং
৪. আমদানি ব্যাংকিং
৫. আমদানি ব্যাংকিং
৬. আমদানি ব্যাংকিং
৭. আমদানি ব্যাংকিং
৮. আমদানি ব্যাংকিং
৯. আমদানি ব্যাংকিং
১০. আমদানি ব্যাংকিং

প্রিয় মহোদয়,

Master Circular on Schedule of Charges

শিরোনামোক্ত বিষয়ে ৩১ অক্টোবর ২০১৯ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং-০৭/২০১৯ এর মাধ্যমে ব্যাংকিং খাতে আমানত বৃদ্ধি এবং ক্ষুদ্র আমানতকারীদেরকে ব্যাংকমুখী করার লক্ষ্যে গড় আমানত স্থিতির উপর ভিত্তি করে সঞ্চয়ী হিসাবের বিপরীতে রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) যৌক্তিকীকরণপূর্বক পুনঃনির্ধারণ করে দেয়া হয়। উক্ত পুনঃনির্ধারিত হার অনুযায়ী ব্যাংকসমূহ প্রতি ষাণ্মাসিকে একবার অর্থাৎ বছরে দুইবার একটি হিসাব হতে Account Maintenance Fee আদায় করতে পারে।

০৩। এক্ষণে, করোনাভাইরাস সংক্রমণজনিত কারণে সৃষ্ট অর্থনৈতিক পরিস্থিতির প্রেক্ষিতে ক্ষুদ্র আমানতকারীগণকে আর্থিক প্রণোদনা প্রদান ও আমানত বৃদ্ধিতে উৎসাহিত করার লক্ষ্যে ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত গড় আমানত স্থিতিবিশিষ্ট সঞ্চয়ী হিসাবের বিপরীতে বছরে দুইবারের পরিবর্তে একবার Account Maintenance Fee আদায় করার জন্য ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

০৪। এ নির্দেশনা শুধুমাত্র ২০২১ পঞ্জিকা বছরের জন্য প্রযোজ্য হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২